

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৮-৪৫

আগরতলা, ৩১ জুলাই, ২০২৪

ল্যান্ড রেকর্ডস অ্যান্ড স্যাটেলিমেন্ট দপ্তরের  
অধিকর্তার কার্যালয়ে বনমহোৎসব



ল্যান্ড রেকর্ডস অ্যান্ড স্যাটেলিমেন্ট দপ্তরের অধিকর্তার কার্যালয়ে  
আজ সকালে বনমহোৎসব উদযাপন করা হয়। বনমহোৎসবে বিশেষ  
অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজস্ব দপ্তরের সচিব ব্রিজেশ পাণ্ডে।  
দপ্তরের সচিব এবং অন্যান্য অতিথিগণ অফিস চতুরে বিভিন্ন ফলের  
১০টি চারাগাছ রোপণ করেন। বনমহোৎসব পালনের বিষয়ে সংক্ষিপ্ত  
আলোচনায় দপ্তরের সচিব ব্রিজেশ পাণ্ডে জৈব বৈচিত্র্য ও পরিবেশ রক্ষায়  
গাছ লাগানোর গুরুত্বের কথা তুলে ধরেন। তিনি দপ্তরের কর্মীদের প্রতি  
আহ্বান জানান অন্তত ২টি করে বৃক্ষ রোপণ ও সেগুলি রক্ষণাবেক্ষণ  
করার জন্য। তিনি আশা প্রকাশ করেন পরিবেশ রক্ষায় দপ্তরের কর্মীগণ  
গুরুত্বপূর্ণ ভূমিকা নেবেন।

\*\*\*\*\*